

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪৯২২  
শান্তিরবাজার, কমলপুর, কৈলাসহর  
সোনামুড়া, খোয়াই, উদয়পুর  
ধর্মনগর, ২২ ফেব্রুয়ারি, ২০২৪

**রাজ্যে যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপিত**

রাজ্যে গতকাল যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপিত হয়েছে। আগরতলায় রাজ্যভিত্তিক অনুষ্ঠান ছাড়াও রাজ্যের প্রতিটি জেলায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপিত হয়। বিলোনীয়ায় দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক। দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন অনুষ্ঠানের আয়োজন করা হয় বিলোনীয়া বি কে আই প্রাঙ্গণে। সকালে বিলোনীয়ার ১নং টিলা বাজার থেকে এক বর্ণাঢ্য শোভাযাত্রা শহরে বিভিন্ন পথ পরিক্রমা করে বি কে আই প্রাঙ্গণে এসে সমাবেশ হয়। শোভাযাত্রায় বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা অংশ নেন। বি কে আই প্রাঙ্গণে ভাষার শহীদ স্মৃতি সৌধে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি পান কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক, বিলোনীয়া পুর পরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোস্বামী, বিলোনীয়া প্রেস ক্লাবের সভাপতি স্নেহাশিস চক্রবর্তী এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

কমলপুরের নজরুল ভবনে ধলাই জেলাভিত্তিক আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক মনোজ কান্তি দেব, কমলপুর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন সুব্রত মজুমদার, কমলপুর সরকারি মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ড. অভিজিৎ সরকার প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কমলপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন প্রশান্ত সিনহা। অনুষ্ঠানে অতিথিগণ ভাষা শহীদদের স্মৃতিতে শহীদ বেদীতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি পান করেন। অনুষ্ঠানের বিভিন্ন সংস্থার শিল্পীরা সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেন। কৈলাসহরে নজরুল কলাক্ষেত্রে উনকোটি জেলাভিত্তিক আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উদ্বোধন করেন কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা দেব রায়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উনকোটি জিলা পরিষদের সহকারি সভাপতি শ্যামল দাস ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। স্বাগত বক্তব্য রাখেন জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের সহঅধিকর্তা বিশ্বজিৎ দেব। সভাপতিত্ব করেন জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার। অনুষ্ঠানে অতিথিগণ ভাষা শহীদদের স্মৃতিতে শহীদ বেদীতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি পান করেন। তাছাড়া অনুষ্ঠিত হয় বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠান।

বক্সনগর ব্লকের রহিমপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে সিপাহীজলা জেলাভিত্তিক আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ উপলক্ষে সীমান্ত এলাকার রহিমপুরে প্রভাতফেরী ও বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করা হয়। শোভাযাত্রায় অংশ নেন বিধায়ক তফাজ্জল হোসেন। তাছাড়াও উপস্থিত ছিলেন বক্সনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সঞ্জয় সরকার ও ভাইস চেয়ারম্যান এরশাদ মিঞা।

\*\*২য় পাতায়\*\*

(২)

খোয়াই জেলা গ্রন্থাগারে খোয়াই জেলাভিত্তিক আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা, খোয়াই পুর পরিষদের কাউন্সিলার পিযুষ কান্তি চৌধুরী, কবি ও সাহিত্যিক প্রনব চৌধুরী ও মনোরঞ্জন গোপ প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন নিভাস সাহা। অনুষ্ঠানে অতিথিগণ ভাষা শহীদদের স্মৃতিতে শহীদ বেদীতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। অনুষ্ঠানে কবি সন্মেলন ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উদয়পুরের টাউন হলে গোমতী জেলাভিত্তিক আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন গোমতী জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি দেবল দেব রায়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা শিক্ষা আধিকারিক বুমা দেব, শিক্ষক মনোজিৎ ধর, জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের সহ-অধিকর্তা মনোজ দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার। অনুষ্ঠানে অতিথিগণ ভাষা শহীদদের স্মৃতিতে শহীদ বেদীতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে প্রভাত ফেরী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ধর্মনগরের বিবেকানন্দ সার্থশতবার্ষিকী ভবনে উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি ভবতোষ দাস, ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন প্রদ্যুৎ দে সরকার, জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের যুগ্ম অধিকর্তা দিলীপ কুমার দেববর্মা, জেলা শিক্ষা আধিকারিক সুখময় নাথ প্রমুখ। আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত হয় কবি সন্মেলন ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

\*\*\*\*\*